বিশুদ্ধ
আয়ুর্ব্বেদীয় তৈল, ঔষধ
পাইবার
বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান
ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন
প্রতিষ্ঠাতা—কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়
বি-এ, কবিরত্ন।
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহু পরীক্ষিত ও উচ্চ প্রশংসিত
পক্ষাঘাতের তৈল ঔষধ
এক মাস ব্যবহারোপযোগী তৈল ঔষধের
মূল্য ১৬৲ ষোল টাকা
চ্যবনপ্রাশ /১ সের ১০৲ মকরধ্বজ ১ তোলা ৬৲
দশভুজা ঔষধালয়
মেডিকেল ডিপ্লোমাপ্রাপ্ত ও গভর্ণমেণ্ট রেজিষ্ট্রীকৃত
কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
(প্রেসিডেণ্ট ইউনিয়ন বোর্ড, ভূতপূর্ব্ব চেয়ারম্যান
ডি, এস, বোর্ড)
মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)

৩৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—৮ই আশ্বিন বুধবার ১৩৫৩ ইংরাজী 25th Sep. 1946 { ২০শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু
## হিলিংবাম
সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে
১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৫৪ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—
কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস. এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি এম, ইত্যাদি।
মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৷০, ছোট ১৷৵০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।
"হিলিংবাম" ব্যবহারে আরোগ্য লাভের পর শরীরে বলাধান ও
পুনরায় আক্রমণ প্রতিরোধের জন্য
স্বর্ণঘটিত সালসা **স্যাঙ্গো** ব্যবহার করা একান্ত কর্ত্তব্য
"স্যাঙ্গো" স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ
গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।
মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৷০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।
আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা

## ব্যয় নহে—সঞ্চয়
জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই সুচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।
জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য "হিন্দুস্থানের" কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।
নূতন বীমা—১৯৪৫
১২ কোটী টাকার উপর
হিন্দুস্থান কো-অপারেটিভ্
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্
হেড অফিস - হিন্দুস্থান বিল্ডিংস্‌ঃ কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৮ই আশ্বিন বুধবার সন ১৩৫৩ সাল

## তৈল সমস্যা সমাধানে কর্ত্তৃপক্ষের চেষ্টা

বাংলা গবর্ণমেণ্টের জঙ্গিপুরস্থ পাবলিসিটী অর্গানাইজার মহাশয় আমাদের একখানি পত্র লিখিয়াছেন তাহা স্থানান্তরে প্রকাশিত হইল। উক্ত পত্রে সকলে অবগত হইবেন যে তৈল সমস্যা সমাধানের জন্য কর্ত্তৃপক্ষ খুব সচেষ্ট আছেন। তৈলের মূল্য বৃদ্ধি কর্ত্তৃপক্ষের অগোচরেই হইয়াছে। এখন তাঁহারা যখন জানিতে পারিয়াছেন তখন অবিলম্বে তাহার প্রতিকার করিবেন, সে বিষয়ে সন্দেহ নাই।

---

## বহরমপুর মহারাণী কাশীশ্বরী বালিকা বিদ্যালয়ে শিল্প ও শিক্ষা প্রদর্শনী

গত ২১শে সেপ্টেম্বর শনিবার অপরাহ্ণ ৫-৪৫ মিঃ সময়ে উক্ত বিদ্যালয় প্রাঙ্গনে মুর্শিদাবাদ স্বাস্থ্য, শিল্প ও শিক্ষা প্রদর্শনীর উদ্বোধন কার্য্য সুসম্পন্ন হইয়াছে। শ্রীযুক্তা আশালতা সেন এম-এল-এ, মহোদয়া সভানেত্রীর আসন গ্রহণ করিয়া প্রদর্শনীর দ্বার উদ্‌ঘাটন করিয়াছেন। স্বনামধন্য বক্তা শ্রীযুক্ত জ্ঞানাঞ্জন নিয়োগী মহাশয়ের প্রধান অতিথিরূপে উপস্থিত থাকিবার কথা ছিল। তিনি আসিতে না পারায় কৃষ্ণনাথ কলেজের অধ্যক্ষ শ্রীযুক্ত নিশাপতি সরকার মহাশয় প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন।

সভায় সভানেত্রী ও প্রধান অতিথির যথারীতি পাদ্য অর্ঘ্য ধূপ দীপাদি দ্বারা আবাহন অর্চ্চনার পর উদ্বোধন সঙ্গীত গীত হয়। প্রদর্শনীর সম্পাদিকা শ্রীমতী অপরাজিতা দাশগুপ্তার পরিবর্ত্তে স্কুলের প্রধান শিক্ষয়িত্রী ও প্রদর্শনীর অন্যতমা পরিচালিকা শ্রীমতী পুষ্পময়ী বসু প্রদর্শনীর বার্ষিক বিবরণী পাঠ করেন। প্রধান অতিথি মহাশয়, অন্যান্য সমাগত ভদ্রবৃন্দ সভায় বক্তৃতা করেন।

সভায় বহরমপুরের বহু ভদ্রমহোদয় উপস্থিত ছিলেন। অন্যতম উদ্যোক্তা শ্রীযুক্ত বিশ্বনাথ রায় মহাশয় সকলকে সাদরে অভ্যর্থনা করিয়াছিলেন। বহু বাধা বিঘ্ন ও আর্থিক অসচ্ছলতা সত্ত্বেও প্রদর্শনী বেশ সৌষ্ঠবসম্পন্ন হইয়াছিল। স্কুলের শিক্ষয়িত্রী ও ছাত্রীগণ নীরবে যন্ত্রপুত্তলীর মত স্ব স্ব কর্ম্ম যেভাবে সম্পন্ন করিতেছিলেন, তাহাতে তাঁহাদের নিয়মানুবর্ত্তিতার প্রশংসা না করিয়া থাকা যায় না। আমরা এই লোকহিতকর প্রতিষ্ঠানের ও অনুষ্ঠানের সাফল্য কামনা করি।

---

## মক্কেলের সহৃদয়তা

উকীল বাবু অবিনাশচন্দ্র মৈত্র মহাশয়ের আদ্যশ্রাদ্ধের জন্য তাঁহার কনিষ্ঠ পুত্র ললিতকুমারের ভাবনার অন্ত নাই—এই নাই—নাই" এর যুগে কোথা কি পায়—বড় ভাই আসিয়া পৌছিলেন না—ক্রিয়াকাণ্ড অনভিজ্ঞ তরুণ আকাশ পাতাল ভাবিতেছে। এমন সময়ে অবিনাশবাবুর পুরাতন মক্কেল ব্রাহ্মণটুলি নিবাসী ৺অধরচন্দ্র মণ্ডল মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র উমাচরণ বাবু ললিতকুমারের কাছে আসিয়া প্রস্তাব করিলেন—যদি কিছু মনে না করেন—আজকাল যে কয়জন লোক খাওয়ান আইনসম্মত, সেই কয়জনের মত খাদ্য সামগ্রী আমি পাঠিয়ে দিই। লোক যত বড় দাম্ভিকই হউক না কেন, এই অযাচিত সাহায্য গ্রহণে আপত্তি করার সাধ্য অতি বড় পাষণ্ডেরও থাকে না। উমাচরণ বাবুর দান তাঁর মত লোকের পক্ষে যত সামান্যই হউক না কেন এই আন্তরিকতার মূল্য হয় না। উমাচরণ বাবুর এ প্রবৃত্তি যদি অবিনাশ বাবুর মক্কেলগণের মধ্যে সংক্রামক হয়, তাহা হইলে পিতার পরিত্যক্ত চেম্বারে উপবিষ্ট তরুণ উকীল শ্রীমান্ ললিতকুমার মৈত্রের দুটি অন্নের অভাব হইবে না।

---

## বারলাইব্রেরীতে শোকসভা

জঙ্গিপুর বারের অন্যতম প্রবীণ উকীল বাবু অবিনাশচন্দ্র মৈত্র মহাশয়ের তিরোভাবে উকীল সভা তাঁহার শোকসন্তপ্ত আত্মীয় স্বজনগণের শোকে সমবেদনা প্রকাশ করিয়া পরলোকগত আত্মার প্রতি সম্মান প্রদর্শন করেন।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ২৮শে অক্টোবর ১৯৪৬

১৯৪৬ সালের ডিক্রীজারী

৬৩৪ থাং ডিঃ নিত্যগোপাল মজুমদার দিং দেং রব্বানি সেখ দিং দাবি ৩১॥৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে ছোট কালিয়াই ৬২ শতকের কাত ৯৮৶৮ পাই আঃ ২৫৲ খং ৫৪৩ রায়ত স্থিতিবান

৪৭১ থাং ডিঃ রামনারায়ণ সিংহ দেং শচীন্দ্রনাথ অধিকারী দিং দাবি ১১৭৷৵০ থানা সুতী মৌজে লোকাইপুর ২০৴ বিঘার কাত ২০৲ আঃ ১০০৲ খং ৩০১

৪৫৪ থাং ডিঃ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দেং যাদু মণ্ডল দাবি ২৩৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে রমাকান্তপুর ১৬ শতকের কাত ২৷৵১ আঃ ৫৲ খং ১৬৩ স্থিতিবান স্বত্ব

৪৫৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫৸৶৬ মৌজাদি ঐ ৩ শতকের কাত ৸৵০ আঃ ৫৲ খং ১৬২ রায়ত স্থিতিবান

৪৫৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮৷৬ মৌজাদি ঐ ১৩ শতকের কাত ২৷৶৬ আঃ ৫৲ খং ১৬১ স্থিতিবান স্বত্ব

৪৫৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮৷/৯ মৌজাদি ঐ ৪৩ শতকের কাত ১৷৶০ আঃ ৫৲ খং ১৬০ স্থিতিবান স্বত্ব

৪৫৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২২৷/৬ থানা ঐ মৌজে সুজাপুর ৫৫ শতকের কাত ২/৮ আঃ ৫৲ খং ১৫৮ স্থিতিবান স্বত্ব

৪৫৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৷৵৬ মৌজাদি ঐ ১২ শতকের কাত ।/০ আঃ ৫৲ খং ১৫৯ স্থিতিবান স্বত্ব

৪৬০ থাং ডিঃ ঐ দেং চৈচুরাম মণ্ডল দিং দাবি ২৭৸/০ থানা ঐ মৌজে রমাকান্ত-

পুর ৩ শতকের কাত ১৵১০ আঃ ৫৲ খং ৪২ স্থিতিবান স্বত্ব

৪৬১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৭৸/৬ মৌজাদি ঐ ১-৭০ শতকের কাত ১৭৸৬ আঃ ১০৲ খং ৪০ অধীনস্থ ৪১ স্থিতিবান

৪৬২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭৸০ মৌজাদি ঐ ৪৫ শতকের কাত ৩৶৫ আঃ ৫৲ খং ৩৮ স্থিতিবান স্বত্ব

৪৬৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৮/৩ মৌজাদি ঐ ১-৪৩ শতকের কাত ৫৸১১ আঃ ৫৲ খং ৩৭ রায়ত স্থিতিবান

৪৬৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭৸৯ মৌজাদি ঐ ১-১২ শতকের কাত ২৷৶৪ আঃ ৫৲ খং ১১২ স্থিতিবান স্বত্ব

৪৩ অন্য ডিঃ মাখনময়ী দাসী দেং রমেশ চন্দ্র সরকার দিং দাবি ১৩৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে দাধুয়া ও জরুর ৮ ৫৩ শতকের কাত ২৪৲ মধ্যে ৬-৩৮ শতকের পরতামত কাত ২১৲ আঃ ৫৲ খং ৭৩ মধ্যে ও ৮৭৬ মোকররী স্বত্ব

৩৩৭ খাং ডিঃ বিবি দেল আফরোজ খাতুন দেং লক্ষু মণ্ডল দাবি ৭৯৷৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে পিরোজপুর ৩৭ শতকের কাত ৬৷০ আঃ ৫০৲ খং ৪২৩

৩৩৮ খাং ডিঃ ঐ দেং পাঁচুলাল মণ্ডল দাবি ৯৭৷/৩ মৌজাদি ঐ ৫৭ শতকের কাত ১০৷৶৬ আঃ ৫০৲ খং ৪১৩ স্থিতিবান স্বত্ব

৩৩৯ খাং ডিঃ ঐ দেং খোকারাম মণ্ডল নাবালক দিং পক্ষে অলি কাকা গোর ওরফে গোরাই মণ্ডল দাবি ১১৫৸৯ মৌজাদি ঐ ৫১ শতকের কাত ৯৻৩ আঃ ৭০৲ খং ৪২৬

৩৪০ খাং ডিঃ ঐ দেং শ্রীচরণ মণ্ডল দিং দাবি ৬১৷৵০ মৌজাদি ঐ ৩৭ শতকের কাত ৬৷০ আঃ ৪০৲ খং ৪১৯ স্থিতবান স্বত্ব

৬১৮ খাং ডিঃ শশাঙ্কশেখর সরকার দিং দেং শ্বেতাজ্ঞ বরণী দেবী দাবী ৮৷৵০ থানা স্থতী মৌজে মহেশাইল ১ শতকের কাত ৵০ আঃ ২৲ খং ২৭০ স্থিতিবান স্বত্ব

৬১৯ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১৸/৩ মৌজাদি ঐ ৩৩ শতকের কাত ৩৷/৫ আঃ ৫৲ খং ২৬৯ স্থিতিবান স্বত্ব

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত নিলামের দিন ২৯শে অক্টোবর ১৯৪৬

### ১৯৪৬ সালের ডিক্রীজারী

৬৭৫ খাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং দীনবন্ধু কর্ম্মকার দিং দাবি ১৪০৵০ থানা স্থতী মৌজে নয়া বাহাদুরপুর ৬-৪৭ শতকের কাত ১৭৷০ আঃ ১৩২৲

৬৭৬ খাং ডিঃ ঐ দেং আব্বাস আলি মণ্ডল দাবি ২৫৷/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে চরবাগডাঙ্গা ১০-১৮ শতকের কাত ১/০ আঃ ১৫৲

৬৭৭ খাং ডিঃ ঐ দেং আব্বাস আলি মণ্ডল দিং দাবি ৩১৸/৩ মৌজাদি ঐ ২-৪৯ শতকের কাত ২৷০ আঃ ২১৲

৬৭৮ খাং ডিঃ ঐ দেং আতারুদ্দিন মণ্ডল দাবি ৩২৲ মৌজাদি ঐ ৫/৷০ জমির কাত ৫৻৪ আঃ ২৭৲

৬৭৯ খাং ডিঃ ঐ দেং তৈয়বালী মণ্ডল দিং দাবি ৩১৸৩ থানা ঐ মৌজে থাঁন্দুয়া ১-৪৩ শতকের কাত ৪/৬ আঃ ২৫৲

৬৮০ খাং ডিঃ ঐ দেং রাখালচন্দ্র দাস দাবি ৫১৷৩ থানা ঐ মৌজে সেখালিপুর ২-৯৫ শতকের কাত ৮৶৬ আঃ ৪৫৲

৬৮১ খাং ডিঃ ঐ দেং নয়াব্দি মণ্ডল দাবি ১৬৷৵৬ থানা ঐ মৌজে দেওয়া নাই ১৪ শতকের কাত ১৸৩৭ আঃ ৮৲

৫২২ খাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং রজব আলী মণ্ডল দিং দাবি ৬৬৷/৩ থানা স্থতী মৌজে কাদোয়া ৫-৮৬ শতকের কাত ১৪৷৵১৭॥ আঃ ২৫৲

৫১৮ খাং ডিঃ ব্যোমকেশ মুখোপাধ্যায় দেং তুলসী বেওয়া দাবি ১৫৷৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে শ্রীকান্তবাটী ৩৩ শতকের কাত ১৷৵০ আঃ ১০৲ খং ৮৯

৩২২ খাং ডিঃ বরদাশঙ্কর ঠাকুর দেং কৈবল্যদায়িনী দেবী দাবি ২১৬৷/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে সিদ্ধিকালী ৪-৯৬ শতকের কাত ১৭৷৶১৮ আঃ ১০০৲ খং ৬

---

## পরলোকগত আত্মার প্রতি সম্মান

রঘুনাথগঞ্জ এম, ই, স্কুলের ভূতপূর্ব্ব সম্পাদক ও পরিচালক সমিতির সভাপতি বাবু অবিনাশচন্দ্র মৈত্র মহাশয়ের পরলোক প্রাপ্তিতে তাঁহার আত্মার প্রতি সম্মান জ্ঞাপন উদ্দেশ্যে স্কুল ১ দিনের জন্য বন্ধ দেওয়া হইয়াছিল।

---

বাবু পঞ্চানন চট্টোপাধ্যায় মহাশয় জঙ্গিপুর হাই স্কুল, রঘুনাথগঞ্জ এম, ই, স্কুলের পরিচালন সমিতির সভ্য ও রঘুনাথগঞ্জ বালিকা বিদ্যালয়ের সম্পাদক ছিলেন। তাঁহার লোকান্তরগত আত্মার প্রতি সম্মান প্রদর্শন জন্য উক্ত তিনটি বিদ্যালয়ই একদিনের জন্য বন্ধ দেওয়া হইয়াছিল।

---

## তৈল সমস্যায় বাংলা সরকারের জঙ্গিপুরস্থ পাবলিসিটি অর্গ্যানাইজারের পত্র

মহাশয়!

আপনার ১৮ই ভাদ্র বুধবার ১৩৫৩ সাল তারিখের জঙ্গিপুর সংবাদ সংখ্যার "তৈলার্থে তৈল মর্দ্দন" শীর্ষক প্রবন্ধটীর অন্তর্নিহিত ইঙ্গিত সম্বন্ধে কয়েকটী বক্তব্য অত্র সহ পাঠান গেল। আশা ও অনুরোধ করি আপনি ইহা পরবর্ত্তী সংখ্যায় প্রকাশ করিয়া সাধারণের ভ্রান্তি দূর করিতে পশ্চাৎপদ হইবেন না।

আপনি যে তৈলের দুষ্প্রাপ্যতা সম্বন্ধে ইঙ্গিত করিয়াছেন ইহা সর্ব্বজনবিদিত ও স্বীকার্য্য। বর্ত্তমানে তৈল পাওয়া যাইতেছে স্বীকার করিয়াছেন কিন্তু কি উপায়ে কি পরিশ্রমে ও কাহার চেষ্টায় তাহা সম্ভবপর হইয়াছে সে বিষয়ে নীরব রহিয়া গিয়াছেন।

বিশেষ চেষ্টা, পরিশ্রম ও অনুসন্ধান করিয়া স্থানীয় কর্ত্তৃপক্ষই সাধারণের এই তৈল সমস্যার কিঞ্চিৎ সমাধান করিতে সমর্থ হইয়াছেন। এই প্রসঙ্গে ইহাও জানিয়া রাখা প্রয়োজন মনে করি যে তৈলের একটা সুবন্দোবস্তের জন্য তাঁহারা বিশেষরূপে চেষ্টিত আছেন।

মূল্যবৃদ্ধি কর্ত্তৃপক্ষের অগোচরেই হইয়াছে, সে সম্বন্ধে তাঁহাদের কোন ইচ্ছা, ইঙ্গিত বা আদেশ আদৌ ছিল না জানিবেন। তৈলের দুষ্প্রাপ্যতাই তৈলের মূল্যবৃদ্ধির একমাত্র কারণ।

Sd/- B. R. Roy
Sub-Divisional Publicity Organiser,
Jangipur.

---

মাত্র ৩৲ তিন টাকায় ১২টী রবার ষ্ট্যাম্প

ডাক মাশুল লাগে না।

প্রাপ্তিস্থান ঃ—পণ্ডিত প্রেস, রঘুনাথগঞ্জ।

STAMPED.
ORIGINAL.
REFUSED.
FILED.
DUPLICATE.
BOOK-POST.
URGENT.
CANCELLED.
ANSWERED.
PAID.
COPIED.
REGISTERED


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বাষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।


জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৶০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।


শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত






# সুরবল্লী




যে সব ডাক্তাররা সুরবল্লী ব্যবস্থা করে দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

সি. কে. সেন এণ্ড কোং লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা

## দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর ক্রিমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ